



NOTRE DAME COLLEGE

P.O. Box No. 5

Motijheel, Dhaka-1000

Bangladesh

Phone: 7192325/7192598

Date: September 5, 2018

## ছাত্রবৃন্দ

বিষয়: সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে  
অবহিতকরণ এবং ট্রেন ও বাসে টিকিট কেটে যাতায়াত সংক্রান্ত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মহোদয় কর্তৃক ২০ আগস্ট, ২০১৮ তারিখে জারিকৃত সার্কুলার অনুযায়ী জানানো যাচ্ছে যে, দেশব্যাপী সড়ক নিরাপত্তা বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাস ও সড়কে শৃঙ্খলা নিশ্চিত করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। সড়ক দুর্ঘটনার জন্য অননুমোদিত ও ত্রুটিপূর্ণ যানবাহন, লাইসেন্সবিহীন ও অনভিজ্ঞ ড্রাইভার যেমন অনেকাংশে দায়ী, একইভাবে পথচারী এবং যাত্রীগণের ট্রাফিক নিয়মকানুন সম্পর্কে অজ্ঞতা ও অসচেতনতাও দায়ী। তাই ছাত্রদেরকে যত্রতত্র রাস্তা পারাপার না হয়ে ট্রাফিক নিয়ম-কানুন মেনে সতর্কতার সাথে নির্ধারিত স্থান এবং ফুট ওভারব্রিজ দিয়ে রাস্তা পারাপারের পরামর্শ দেওয়া হচ্ছে।

যে সকল ছাত্র প্রতিদিন ট্রেনে ও বাসে কলেজে যাতায়াত করে তাদের মধ্যে কোনো কোনো ছাত্র টিকিট না কেটে যাতায়াত করে। আবার কোনো কোনো ছাত্র ট্রেনের ছাদে ওঠে যাতায়াত করে। টিকেট না কেটে ট্রেনে ও বাসে যাতায়াত করা সম্পূর্ণ অবৈধ ও অনৈতিক। নটর ডেম কলেজের ছাত্রদের কাছ থেকে এধরনের অনৈতিক আচরণ কেউ কখনো আশা করে না। তাই কলেজের সুনাম ও ছাত্রদের সম্মান রক্ষা করে চলা প্রত্যেকটি ছাত্রের নৈতিক দায়িত্ব। তাই যারা ট্রেনে ও বাসে যাতায়াত করে তাদেরকে টিকেট কেটে সতর্কতার সহিত (ট্রেনের ছাদে না ওঠে) ট্রেনে ও বাসে যাতায়াত করতে বলা হচ্ছে।

*Rizwan, M.*  
অধ্যক্ষ ৫/৭/১৮